



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসি আয়োজিত ২দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালা শুরু

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ ফেব্রুয়ারি ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনসিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে শুরু হয়েছে “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর)” শীর্ষক প্রশিক্ষন কর্মশালা। বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে ২৬ ও ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সকাল ১০ টা থেকে বিকাল ৩.৩০ টা পর্যন্ত এই কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয়ের ‘খুলনা শহরে এডমিনিস্ট্রেটিভ কনভেনশন সেন্টার নির্মাণ প্রকল্প’ এর নির্বাহী প্রকৌশলী এস এম তারিকুল হাসান খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনসিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেলের পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। অনুষ্ঠানটি সম্পাদনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. রাহিমা নাসরিন। ২ দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষন কর্মশালার প্রথম দিনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ ও সকল দপ্তর প্রধানগণ এবং দ্বিতীয় দিনে বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তরের সিনিয়র কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩ খ্রিস্টাব্দ

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়